

ব্যবসায়িক উদ্যোগ পরিদর্শন

উদ্যোক্তাদের ব্যবসা পরিচালনায় ব্যবহারিক দক্ষতা বৃদ্ধিতে সফল ব্যবসা প্রতিষ্ঠানে পরিদর্শন করা হয়। ফলে উদ্যোক্তাগণ কর্মী ব্যবস্থাপনা, কারখানা পরিচালনা এবং পণ্য বাজারজাতকরণ সম্পর্কে বিস্তারিত জ্ঞানার্জন করে।

সরকারি বিভিন্ন সংস্থার সাথে সমন্বয়

ব্যবসা পরিচালনায় বিভিন্ন ধরনের লাইসেন্স ও সরকারি নির্দেশনা প্রয়োজন। এসকল সুযোগ-সুবিধা প্রদানে উদ্যোক্তাদের সাথে সরকারি নিয়ন্ত্রক প্রতিষ্ঠানের সমন্বয় কর্মশালা আয়োজন করা হয়।



ইনকিউবেশন সেন্টারে বছরের যেকোন মাসে ইনকিউবিটি হিসেবে যোগদান করা যায়। শুরুতে ইনকিউবেশন সময় ৬ মাস তবে আবেদনের প্রেক্ষিতে বৃদ্ধি করা যেতে পারে।



আবেদনের যোগ্যতা

- বাংলাদেশের নাগরিক হতে হবে;
- জাতীয় শিল্পনীতি-২০২২ অনুসারে ব্যবসায়িক উদ্যোগ/পরিকল্পনা থাকতে হবে;
- দেশের প্রচলিত আইনানুসারে ব্যবসায়িক উদ্যোগ হতে হবে।

আবেদন প্রক্রিয়া

আগ্রহীরা নির্ধারিত আবেদন ফরম যথাযথভাবে পূরণ করে বিজনেস ইনকিউবেশন সেন্টারের কার্যালয়ে সশরীরে এসে অথবা ই-মেইলে (bic@smef.gov.bd) জমা প্রদান করতে পারবেন।

ইনকিউবিটি নির্বাচন

ফাউন্ডেশনের ইনকিউবেশন পরিচালনা কমিটি প্রাপ্ত আবেদনপত্র যাচাই-বাছাই ও সাক্ষাৎকার গ্রহণের মাধ্যমে ইনকিউবিটি নির্বাচন করে।

ইনকিউবেশন ফি

নির্বাচিত ইনকিউবিটিদের প্রতিমাসে ৩০০০/- টাকা সার্ভিস ফি প্রদান করতে হবে।

যোগাযোগ

এসএমই বিজনেস ইনকিউবেশন সেন্টার

জহির স্মার্ট টাওয়ার (৫ম তলা)

২০৫/১ বেগম রোকেয়া সরণি, ঢাকা-১২০৭

ফোন: +৮৮ ০২ ৫৫০২৫৩১৮ মোবাইল: +৮৮ ০১৭৪১০২৭২৫৩

Facebook.com/BIC.SMEF

@ bic@smef.gov.bd

http://bic.smef.gov.bd



উদ্যোক্তা উন্নয়ন প্ল্যাটফর্ম এসএমই বিজনেস ইনকিউবেশন সেন্টার

ক্ষুদ্র ও মাঝারি শিল্প ফাউন্ডেশন
শিল্প মন্ত্রণালয়

বিজনেস ইনকিউবেশন সেবা

বিজনেস ইনকিউবেশন সেবা বলতে ব্যবসায়িক উন্নয়ন প্রক্রিয়ার সমষ্টিগত কার্যক্রম যা নতুন ও প্রারম্ভিক ব্যবসায় বিকাশ ও বৃদ্ধির জন্য কাজ করে। বিজনেস ইনকিউবেশন সেন্টার স্টার্টআপ অথবা নতুন উদ্যোক্তার ব্যবসায় বিকাশে ও এর সাথে সম্পর্কিত সমস্যাগুলি সমাধান করতে সহায়তা করার পাশাপাশি ওয়ার্কস্পেস সুবিধাসহ উদ্যোক্তা কেন্দ্রিক বিভিন্ন ধরনের সেবা প্রদান করে থাকে।



এসএমই ফাউন্ডেশনে প্রতিষ্ঠালগ্ন হতে ক্ষুদ্র ও মাঝারি শিল্পের উদ্যোক্তাদের ব্যবসা বিকাশে বিভিন্ন ধরনের কার্যক্রম দেশব্যাপী সফলতার সাথে আয়োজন করে আসছে। এর ধারাবাহিকতায় নতুন উদ্যোক্তা উন্নয়ন, বিকাশ ও ক্রমবৃদ্ধি করার লক্ষ্যে বিগত ১৬ সেপ্টেম্বর ২০২১ এ ইনস্টিটিউট অব এসএমই ফাউন্ডেশন এর আওতায় 'এসএমই বিজনেস ইনকিউবেশন সেন্টার' উদ্বোধন করা হয়।



ইনকিউবেশন সেন্টারের সুবিধাসমূহ

উদ্যোক্তাদের ব্যবসায়িক দক্ষতা বৃদ্ধিতে এসএমই ইনকিউবেশন সেন্টার হতে প্রদানকৃত সেবাসমূহ-

অবকাঠামোগত সুবিধা

এসএমই বিজনেস ইনকিউবেশন সেন্টারে ওয়ার্কস্পেস, অনলাইন বিজনেস ল্যাব, প্রশিক্ষণ কক্ষ, ছোট সভাকক্ষ এবং কনফারেন্স রুম সুবিধা রয়েছে। ইনকিউবিটিগণ তাদের প্রয়োজনে অনুমোদন সাপেক্ষে আলোচ্য সুবিধা গ্রহণ করতে পারেন।



দক্ষতা বৃদ্ধি প্রশিক্ষণ

উদ্যোক্তাদের ব্যবসায় উদ্যোগে শুরু ও পরিচালনায় দক্ষ করার লক্ষ্যে বিভিন্ন ধরনের প্রশিক্ষণ আয়োজন করা হয়।

উল্লেখযোগ্যসমূহ:

- ব্যবসায় ব্যবস্থাপনা বিষয়ক প্রশিক্ষণ;
- বিজনেস প্ল্যান তৈরি প্রশিক্ষণ;
- উপস্থাপনা দক্ষতা বৃদ্ধি প্রশিক্ষণ;
- মেধাস্বত্ব ব্যবস্থাপনা;
- উদ্যোক্তার প্রয়োজন/চাহিদা অনুসারে প্রশিক্ষণ।



আর্থিক ব্যবস্থাপনা

আর্থিক ব্যবস্থাপনায় উদ্যোক্তাদের দক্ষ করার লক্ষ্যে উল্লেখযোগ্য সেবাসমূহ:

- আর্থিক ব্যবস্থাপনায় সহায়তা;
- অ্যাকাউন্টিং/ফাইন্যান্সিয়াল ব্যবস্থাপনা প্রশিক্ষণ;
- ব্যাংক ঋণ প্রাপ্তিতে সহায়তা;
- আর্থিক প্রতিষ্ঠানের সাথে সংযোগ স্থাপন।

পণ্য বাজারজাতকরণ

উদ্যোক্তাদের পণ্য বাজারজাতকরণে উল্লেখযোগ্য সেবাসমূহ:

- বিভিন্ন চ্যানেলে নেটওয়ার্কিং বৃদ্ধি করা;
- মার্কেটিং ম্যানেজমেন্ট প্রশিক্ষণ;
- জাতীয় এসএমই পণ্য মেলায় অংশগ্রহণ;
- দেশীয়/আন্তর্জাতিক মেলায় অংশগ্রহণ;
- মার্কেট গবেষণায় সহায়তা।

প্রযুক্তিগত সহায়তা

ব্যবসা পরিচালনায় সর্বশেষ প্রযুক্তিতে উদ্যোক্তাদের দক্ষতায় উল্লেখযোগ্য সেবাসমূহ:

- উচ্চ-গতির ইন্টারনেট ব্যবহার সুবিধা;
- ওয়ার্কস্পেসে কম্পিউটার ব্যবহার সুবিধা;
- সর্বশেষ প্রযুক্তি বিষয়ে কর্মশালা;
- ই-কমার্স পরিচালনায় দক্ষতা বৃদ্ধি;
- সাইবার নিরাপত্তায় করণীয় বিষয়ে কর্মশালা;
- আইটি প্রতিষ্ঠানের সাথে সংযোগ স্থাপন।